# মডেল টেস্ট– ২০

## বিষয় : বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

মওলানা ভাসানী তাঁর এক ভাষণে বলেছেন, 'আমি খেটে-খাওয়া মানুষের কথা বলি। এই মানুষেরা কাজ করে খেতে-খামারে, কাজ করে কলে-কারখানায়। এরা কৃষক, এরা শ্রমিক। আর এরাই জমিদার, মহাজন, মালিকের জুলুমের শিকার হয়।'

মূলত সারা জীবন তিনি এই নিপীড়িত মানুষের জন্যই সংগ্রাম করেছেন। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর তিনি আসাম থেকে পূর্ববাংলায় চলে আসেন। তিনি পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠা করেন। পরে সংগঠনের নাম হয় পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ। তিনি টাঙ্গাইলের কাগমারিতে বাস করতে শুরু করেন। ১৯৫২ সালে রাষ্ট্রভাষা আন্দোলনে জড়িত থাকার কারণে তিনি আবার গ্রেফতার হন।

১৯৫৪ সালের সাধারণ নির্বাচনে তিনি শেরে বাংলা এ. কে. ফজলুল হক ও হোসেন শহীদ সোহরাওয়ার্দীর সঙ্গে যুক্তফ্রন্ট গঠন করেন। যুক্তফ্রন্ট এ নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়।

১৯৫৭ সালে ভাসানী টাঙ্গাইলের কাগমারিতে এক বিশাল আন্তর্জাতিক সাংস্কৃতিক সম্মেলন আহ্বান করেন। এ সম্মেলন 'কাগমারি সম্মেলন' নামে খ্যাত। এ সম্মেলনে যোগ দেন দেশ-বিদেশের বহু খ্যাতিমান মানুষ। এ সম্মেলনে তিনি পূর্ব পাকিস্তানের মানুষের বঞ্চনার চিত্র তুলে ধরেন।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১.× ৫ = ৫

(i) পাঠটিতে যার সম্পর্কে বলা হয়েছে তিনি কী নামে পরিচিত?
- ক) দেশবন্ধু
- খ) বঙ্গবন্ধু
- গ) মজলুম জননেতা
- ঘ) শেরে বাংলা

(ii) মওলানা ভাসানী তাঁর এক ভাষণে কী বলেছেন–
- ক) আমি খেটে-খাওয়া মানুষের কথা বলি
- খ) আমি আরামপ্রিয় মানুষের কথা বলি
- গ) আমি সুখী মানুষের কথা বলি
- ঘ) আমি ভালো মানুষের কথা বলি

(iii) ভারত বিভাগের পর কত সালে মওলানা ভাসানী পূর্ববাংলায় চলে আসেন?
- ক) ১৯৪৫ সালে
- খ) ১৯৪৭ সালে
- গ) ১৯৫০ সালে
- ঘ) ১৯৫৪ সালে

(iv) মওলানা ভাসানী শেরে বাংলা এ. কে. ফজলুল হক ও হোসেন শহীদ সোহরাওয়ার্দীর সঙ্গে গঠন করেন–
- ক) যুক্তফ্রন্ট
- খ) যুক্তদল
- গ) যুবদল
- ঘ) যুবফ্রন্ট

(v) মওলানা ভাসানী কাগমারি সম্মেলনের আয়োজন করেন কত সালে?
- ক) ১৯৫৪ সালে
- খ) ১৯৫৭ সালে
- গ) ১৯৬০ সালে
- ঘ) ১৯৭০ সালে

http://teachingbd.com

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) মওলানা ভাসানী প্রতিষ্ঠিত দলের নাম কী?

(খ) মওলানা ভাসানী সারাজীবন কাদের জন্য সংগ্রাম করেছেন?

(গ) 'কাগমারি সম্মেলন' কে আহ্বান করেন? এ সম্মেলনে তিনি কাদের বঞ্চনার চিত্র তুলে ধরেন?

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

(ক) নিপীড়িত; (খ) সংগ্রাম; (গ) আন্দোলন; (ঘ) সম্মেলন; (ঙ) বঞ্চনা।

৪। প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ : ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

ছুটি কোথায় কাটাব, তা নিয়ে অনেক ভাবনাচিন্তা করে শেষে ঠিক করলুম, মোটরে করে গ্রান্ড ট্রাঙ্ক রোড দিয়ে একবার রাঁচি পর্যন্ত ঘুরে আসি। অভিজ্ঞ বন্ধুদের মত নিলুম। সকলেই আমাদের সংকল্পের তারিফ করলেন, আর সফরের বিষয়ে তাঁদের অভিজ্ঞতা থেকে আমাদের পরামর্শ দিতে লাগলেন। ৭ই অক্টোবর আমরা হাজারিবাগ ছেড়ে রাঁচির উদ্দেশ্যে যাত্রা করলুম। পাহাড় আর জঙ্গলের মধ্য দিয়ে আমাদের রাস্তা। স্থানে স্থানে পার্বত্য নদী এঁকেবেঁকে তার দুর্গম পথ অতিক্রম করে চলেছে। দলে দলে রমণীরা আত্মীয়-স্বজনের সঙ্গে রাস্তা দিয়ে চলছে। সকলেরই মধ্যে একটা চাঞ্চল্যের ভাব, সকলেই যেন কোনো উৎসবে যোগ দেবার জন্য প্রস্তুত। কিছুক্ষণ পথ অতিক্রম করবার পর ব্যাপারটি আমাদের কাছে পরিষ্কার হয়ে গেল। দশোহরা উপলক্ষে রাস্তার ধারের একটি বড় পুকুরের পাশে এক মেলা বসেছিল। সেই মেলা দেখবার জন্যই আশপাশের গ্রাম থেকে এই লোকের আমদানি। মেলার নিকটে পৌঁছুতেই এক নাচের দল এসে আমাদের ঘিরে দাঁড়াল, একরকম একতারা বাজাতে বাজাতে মৃদুগুঞ্জনে গাইতে আর ধীর পদক্ষেপে নাচতে লাগল।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটি কী বিষয় নিয়ে লেখা?

ⓚ পাহাড় ⓚ রাঁচি ভ্রমণ
ⓖ জঙ্গল ⓖ প্রকৃতি

(ii) লেখকের যাত্রা আরম্ভের স্থান কোনটি?

ⓚ রাঁচি ⓚ গ্রান্ড ট্রাঙ্ক রোড
ⓖ হাজারিবাগ ⓖ কলকাতা

(iii) লেখকের বন্ধুরা লেখকের ভ্রমণের কথা শুনে—

ⓚ নিজেরাও যেতে চাইলেন ⓚ যেতে নিরুৎসাহিত করলেন
ⓖ হতাশ হলেন ⓖ প্রশংসা করলেন

http://teachingbd.com

(iv) কার মধ্যে লেখক চাঞ্চল্যের ভাব লক্ষ করেন?

ⓚ রমণীদের মধ্যে ⓚ বন্ধুদের মধ্যে

ⓖ নিজের মধ্যে ⓖ আত্মীয়-স্বজনদের মধ্যে

(v) 'সংকল্প' শব্দের সমার্থক কোনটি?

ⓚ অভিজ্ঞ ⓚ পণ

ⓖ ইচ্ছে ⓖ তীব্র

৬। নিচে কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| অতিক্রম | পার হওয়া, ডিঙানো |
| উৎসব | আনন্দানুষ্ঠান |
| স্থান | জায়গা |
| তারিফ | প্রশংসা |
| সঙ্গে | সাথে |
| দুর্গম | যাওয়া কষ্টসাধ্য এমন |

(ক) লেখকের ভাবনাচিন্তা ছিল ছুটি কাটানোর ——— নিয়ে।

(খ) সবাই লেখকের সংকল্পের ——— করেছিল।

(গ) আত্মীয়-স্বজনের ——— দলে দলে রমণীরাও যাচ্ছে।

(ঘ) সবাই যেন প্রস্তুত ——— যোগ দিতে।

(ঙ) দুর্গম পথ ——— করে চলছে পার্বত্য নদী।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) ভ্রমণে যাওয়ার পূর্বে প্রধান পাঁচটি করণীয় উল্লেখ কর।

(খ) রাঁচি ভ্রমণে লেখকের দেখা পাঁচটি বিষয়ের নাম লেখ।

(গ) দশোহরা উপলক্ষে কোথায় মেলা বসেছিল? মেলায় আশপাশের গ্রাম থেকে লোকের আমদানি ঘটল কেন? চারটি বাক্যে লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) ক্ত; (খ) স্ম; (গ) স্ব; (ঘ) ষ্ম; (ঙ) স্প।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

লোকজন খবর শুনে উত্তেজিত হয়ে বলে আমাদের সবাইকে যুদ্ধ করতে হবে রুমা রুবা বাবার হাত ছাড়িয়ে অন্য ছেলেমেয়েদের কাছে যুদ্ধের কথা বলার জন্য ছুট দেয় চিৎকার করে বলে যুদ্ধ করতে হবে রে যুদ্ধ যুদ্ধ

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) যে বেশি পড়াশুনা করে

(খ) বনে জাত যে ফুল

(গ) দেশের মুক্তির জন্য যুদ্ধ করেন যিনি

(ঘ) অনেক লোককে বিনা অপরাধে মেরে ফেলা

(ঙ) যে নারীর অনেক বুদ্ধি আছে

http://teachingbd.com

*অথবা,* নিচের বাক্যগুলোর ক্রিয়াপদের চলিত রূপ লেখ :

(ক) বন্ধুর জন্য বাঁশি বাজাইয়া রাখাল বড় সুখ পায়।

(খ) মুখে দেওয়া মাত্র সকলের মন ভরিয়া যায়।

(গ) পয়লা বৈশাখ সর্বজনীন উৎসবে পরিণত হইয়াছে।

(ঘ) পাখি উড়িয়া যায়।

(ঙ) এঁকে বেঁকে চলিয়াছে অসংখ্য নদী।

১১। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ : ১ × ৫ = ৫

(ক) ঘুম; (খ) পল্লি; (গ) অহংকার; (ঘ) হইচই; (ঙ) পরাজয়।

*অথবা,* প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :

(ক) বুক; (খ) শাসক; (গ) মানুষ; (ঘ) গ্রেফতার; (ঙ) অনুরাগ।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কবিতার লাইনগুলো পর পর সাজিয়ে লেখ : ৬

যে পথে ভ্রান্তি, চির-পরিতাপ
করো না সে পথগামী।
যে-পথে তোমার চির-অভিশাপ
প্রিয়জন গেছে চলি।
হে মহাচালক, মোদের কখনও
চালাও সে-পথে যে-পথে তোমার

(খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কী? ১

(ঘ) মহাচালক কাকে বলা হয়েছে? কেন? ২

১৩। মনে কর, তুমি আগারগাঁও উচ্চ বিদ্যালয়ে ভর্তি হতে চাও। তোমার নাম অনিমা/অমল। এখন প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর : ৫

**আগারগাঁও উচ্চ বিদ্যালয়**
আগারগাঁও, ঢাকা

ছবি

স্মা. নং ১৮/৩৬০ তাং : ১০/১২/২০১৬

১। শিক্ষার্থীর নাম :
২। মাতার নাম :
৩। পিতা/অভিভাবকের নাম :
৪। যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক :
৫। জন্ম তারিখ :

| ................... | ................... | ................... |
|---|---|---|
| প্রধান শিক্ষকের স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর | আবেদনকারীর স্বাক্ষর |

Teachingbd.com

http://teachingbd.com

১৪। মনে কর তোমার নাম আদিয়া। তুমি কুমিল্লার বিজয়তলা প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়। এখন, বৃক্ষমেলা পরিদর্শনের জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখ। ৫

*অথবা,* মনে কর, তোমার নাম হেনা। তোমার বন্ধুর নাম ডিনা এবং সে নেপালি। তোমার দেশের সুন্দরবনের বর্ণনা দিয়ে বিদেশি বন্ধুকে একটি পত্র লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) আমার প্রিয় শিক্ষক : ভূমিকা – পরিচিতি – কেন প্রিয় – বিদ্যালয়ে অবদান – উপসংহার।

(খ) স্বাধীনতা দিবস : ভূমিকা – ঐতিহাসিক পটভূমি -- উদ্‌যাপন – উপসংহার।

(গ) সুন্দরবনের প্রাণী : ভূমিকা – সুন্দরবনের প্রাণী – রয়্যাল বেঙ্গাল টাইগার – হরিণ – বানর – বুনো গরু – ঘড়িয়াল – সুন্দরবনের পাখি – সুন্দরবনের অবলুপ্ত প্রাণী – উপসংহার।

(ঘ) বিজ্ঞানের অবদান : ভূমিকা – বিজ্ঞানের ক্রমোন্নতি – বিভিন্ন ক্ষেত্রে বিজ্ঞান – জননিরাপত্তায় বিজ্ঞান – আবিষ্কার – অপকারিতা – উপসংহার।

## মডেল টেস্ট - ২০ এর উত্তরমালা

১। (i) ⓖ মজলুম জননেতা; (ii) ⓚ আমি খেটে খাওয়া মানুষের কথা বলি; (iii) ⓚ ১৯৪৭ সালে; (iv) ⓚ যুক্তফ্রন্ট; (v) ⓚ ১৯৫৭ সালে।

২। (ক) মওলানা ভাসানী প্রতিষ্ঠিত দলের নাম 'পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ'।

(খ) মওলানা ভাসানী সারাজীবন নিপীড়িত মানুষের জন্য সংগ্রাম করেছেন। মওলানা ভাসানী ছিলেন সত্যিকারের দেশপ্রেমিক। তিনি এদেশের কৃষক, শ্রমিক ও মেহনতি জনতার প্রাণপ্রিয় নেতা। এ কারণে তিনি জমিদার, মহাজন, মালিকের জুলুমের শিকার খেটে খাওয়া মানুষের জন্য সংগ্রাম করেছেন।

(গ) 'কাগমারি সম্মেলন' আহ্বান করেন মওলানা আবদুল হামিদ খান ভাসানী। এ সম্মেলনে তিনি পূর্ব পাকিস্তানের মানুষের বঞ্চনার চিত্র তুলে ধরেন।

৩। (ক) অত্যাচারিত; (খ) লড়াই; (গ) বিক্ষোভ; (ঘ) সভা; (ঙ) প্রতারণা।

৪। মওলানা আবদুল হামিদ খান ভাসানীর সংগ্রামী জীবন সম্পর্কে আলোচ্য অনুচ্ছেদে বলা হয়েছে। মওলানা ভাসানী ছিলেন সাধারণ মানুষের প্রিয় নেতা এবং বিখ্যাত রাজনীতিবিদ। তিনি সারাজীবন নিপীড়িত মানুষের জন্যই সংগ্রাম করেছেন। তিনি পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা। রাষ্ট্রভাষা আন্দোলনে জড়িত থাকার কারণে তিনি গ্রেফতার হন। তিনি 'কাগমারি সম্মেলনে' পূর্ব পাকিস্তানের মানুষের বঞ্চনার চিত্র তুলে ধরেন।

৫। (i) Ⓑ রাঁচি ভ্রমণ; (ii) Ⓖ হাজারিবাগ; (iii) Ⓓ প্রশংসা করলেন; (iv) Ⓚ রমণীদের মধ্যে; (v) Ⓑ পণ।

৬। (ক) স্থান; (খ) তারিফ; (গ) সঙ্গো; (ঘ) উৎসবে; (ঙ) অতিক্রম।

৭। (ক) ভ্রমণে যাওয়ার পূর্বে প্রধান পাঁচটি করণীয় হলো—

১. ভ্রমণের জায়গা নির্বাচন করা;

২. কীভাবে যাওয়া যাবে তা ঠিক করা;

৩. ভ্রমণে গিয়ে থাকার জায়গা ঠিক করা;

৪. ঐ জায়গার দর্শনীয় স্থানগুলো সম্পর্কে জেনে নেওয়া;

৫. পর্যাপ্ত পানি ও খাবার সঙ্গো নেওয়া।

(খ) রাঁচি ভ্রমণে লেখকের দেখা পাঁচটি বিষয় হচ্ছে—

১. জঙ্গালের মধ্য দিয়ে চলে যাওয়া রাস্তা।

২. এঁকেবেঁকে বয়ে চলা পার্বত্য নদী।

৩. দশোহরা উপলক্ষে অনুষ্ঠিত মেলা।

৪. একটি বড় পুকুর।

৫. নাচের দলের একতারা।

(গ) দশোহরা উপলক্ষে রাস্তার ধারের একটি বড় পুকুরের পাশে মেলা বসেছিল। দশোহরা উপলক্ষে হওয়া মেলা দেখতে আশপাশের গ্রাম থেকে অসংখ্য লোকের আমদানি ঘটল। কেননা, মেলায় অনেক উৎসব হয়। সেখানে নাচের দল একতারা নিয়ে মৃদু গুঞ্জনে গান গায় এবং ধীর পদক্ষেপে নাচতে থাকে। এসব দেখতে তাই আশপাশের গ্রামের লোকের এত ভিড় হয়।

৮।

| প্রদত্ত যুক্তবর্ণ | বিভাজন | বাক্য |
|---|---|---|
| (ক) ঙ্ক | ঙ + ক | ভয়ঙ্কর প্রাণীরাও পরিবেশের জন্য প্রয়োজনীয়। |
| (খ) স্ম | স্ + ্ম (ম-ফলা) | মুক্তিযুদ্ধের গল্প শুনে শিক্ষার্থীদের মনে বিস্ময় জাগে। |
| (গ) ম্ব | ম্ + ্ব (ব-ফলা) | মুক্তিযুদ্ধের সময় অনেক মানুষ সহায় সম্বল হারিয়েছে। |
| (ঘ) ষ্ম | ষ্ + ্ম (ম-ফলা) | গ্রীষ্মকালে প্রচুর গরম পড়ে। |
| (ঙ) স্প | স্ + প | বেলালের স্পর্ধা দেখে বাবা বিস্মিত হলেন। |

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ১৯ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) পড়ুয়া; (খ) বুনোফুল; (গ) মুক্তিযোদ্ধা; (ঘ) গণহত্যা; (ঙ) বুদ্ধিমতী।

*অথবা,* (ক) বন্ধুর জন্য বাঁশি বাজিয়ে রাখাল বড় সুখ পায়।

(খ) মুখে দেওয়া মাত্র সকলের মন ভরে যায়।

(গ) পয়লা বৈশাখ সর্বজনীন উৎসবে পরিণত হয়েছে।

(ঘ) পাখি উড়ে যায়।

(ঙ) এঁকে বেঁকে চলেছে অসংখ্য নদী।

১১। (ক) নির্ঘুম; (খ) শহর; (গ) নিরহংকার; (ঘ) শান্ত; (ঙ) বিজয়।

*অথবা,* (ক) বক্ষ; (খ) নৃপতি; (গ) মানব; (ঘ) বন্দী; (ঙ) স্নেহ।

http://teachingbd.com